



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।


স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৭.১৮/২০১০/৫

তারিখ: ১৬/০২/১৪২৬ বঙ্গাব্দ:
৩০/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান মামলা জনিত (রিট পিটিশন ১৯২৪/২০১৯) এর কারণে এমপিও বাধাগ্রস্ত না করার অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান জানান যে, ২৪/০১/২০১৯খ্রি. তারিখে এনটিআরসিএর মাধ্যমে প্রভাষক (উদ্ভিদবিজ্ঞান) পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ১১/০২/২০১৯খ্রি. তারিখে যোগদান করেন। ১০/০৪/২০১৯খ্রি. তারিখে প্রয়োজনীয় কাগজপত্রসহ এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করেন। অত্র কলেজের অনার্স শাখার সৃষ্ট পদে ২০১৮ সালে নিয়োগপ্রাপ্ত জনাব সাইফুল ইসলাম জুয়েল, প্রভাষক (উদ্ভিদবিজ্ঞান) হাইকোর্টে রিট পিটিশন নং ১৯২৪/২০১৯ দাখিল করেন। বর্ণিত কারণে কিশোরগঞ্জ সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা এমপিও আবেদনটি বাতিল করে দেন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখার মতামত পেশ করতে বলেন। উক্ত মামলায় সচিব মহোদয়কে বিবাদী করা হয়েছে। আবেদনের সাথে জনাব সাইফুল ইসলামের একটি নিয়োগ পত্র দাখিল করা হয়েছে। নিয়োগপত্র অনুযায়ী জনাব সাইফুল ইসলামের অনার্স স্তরের প্রভাষক হওয়ার কোন প্রমাণ নেই।

এমতাবস্থায়, রিট পিটিশনের বিষয়ে মতামত ও জনাব সাইফুল ইসলামের নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্র প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ এনামুল হক হাওলাদার)
উপ-পরিচালক (ক-২)
ফোন নং-৯৫৫৭৬৯১

অধ্যক্ষ
পৌর মহিলা কলেজ
কিশোরগঞ্জ।

অনুলিপি:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মিনসিংহ।
- ২। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৩। সভাপতি, পৌর মহিলা কলেজ, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কিশোরগঞ্জ।
- ৫। সংরক্ষণ নথি।